গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “১১টি মডার্ন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন” (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ১২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি: |
| সভার সময় | বিকাল ০৩.০০ টা |
| স্থান | সচিব মহোদয়ের কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রথমে তিনি প্রজেক্ট স্টিয়ারিং কমিটির পূর্ববর্তী সভার কার্যবিবরণীর বিষয়ে কারও কোন মতামত থাকলে সেটি জানানোর জন্য অনুরোধ করেন। কারও কোন মতামত না থাকায় সেটি দৃঢ় করা হয়। অতঃপর তিনি প্রকল্প পরিচালককে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জানান যে, আলোচ্য প্রকল্পটির মেয়াদ জানুয়ারী/২০১৯ হতে জুন/২০২৩ পর্যন্ত নির্ধারিত রয়েছে। এ প্রকল্পের আওতায় নির্মাণাধীন ১১টি মডার্ন ফায়ার স্টেশনের স্টেশনভিত্তিক অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি জানান, ইতোমধ্যে (১) রূপপুর গ্রীনসিটি, পাবনা (২) সারাবো (কাশিমপুর), গাজীপুর (৩) সাভার সেনানিবাসস্থ জিরাবো (৪) গাজীপুর চৌরাস্তা, মডার্ণ ফায়ার স্টেশন এর অবকাঠামো নির্মাণ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৭টি ফায়ার স্টেশনের নির্মাণ কাজের অগ্রগতি (১) কাঁচপুর ব্রিজ নারায়নগঞ্জ ৮০%, (২) কর্ণফুলি চট্টগ্রাম ৯৬%, (৩) রাজেন্দ্রপুর, চৌরাস্তা, গাজীপুর ৮৫%, (৪) কোনাবাড়ী গাজীপুর ৫৮%, (৫) শিবু মার্কেট, ফতুল্লা, নারায়নগঞ্জ ৮%, (৬) কালুরঘাট, চট্টগ্রাম ৩২% এবং (৭) রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র পাবনা ৩৫%।

০৩। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, নারায়ণগঞ্জ জেলার শিবু মার্কেট ফতুল্লা মডার্ণ ফায়ার স্টেশনের অগ্রগতি ৮% (Pile Drive) সম্পন্ন হয়েছে।সংশ্লিষ্ট ঠিকাদারের মত্যুর কারণে জুলাই/২০২২ থেকে সাইটে কাজ বন্ধ রয়েছে। ঠিকাদারের সাথে চুক্তি বাতিল পূর্বক অবশিষ্ট কাজের (Remaining works) পুন:দরপত্র গত ০৩/০১/২০২৩ তারিখে আহবান করা হয়েছে। নির্বাহী প্রকৌশলী প্রকল্প দপ্তরকে অবহিত করেন যে আগামী ১৫/০২/২০২৩ তারিখের মধ্যে মুল্যায়ন কার্যক্রম অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে। অপরপক্ষে, কার্যাদেশ এর তারিখ হতে অবশিষ্ট কাজের কর্মপরিকল্পনা প্রেরণ করা হবে। এছাড়াও গত ২১/১১/২০২২ তারিখে নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ কর্তৃক আরও অবহিত করা হয় যে

অবশিষ্ট কাজের গুনগত মান বজায় রেখে কাজটি সার্বিকভাবে সুষ্ঠু ও সুন্দরভাবে সমাপ্ত করার জন্য প্রকল্পের মেয়াদ ০৩(তিন) মাস বৃদ্ধির প্রয়োজন। এ বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী জানান যে, শিবু মার্কেট ফতুল্লা মডার্ণ ফায়ার স্টেশন এবং কাঁচপুর ব্রিজ মডার্ণ ফায়ার স্টেশন দুটি একই ঠিকাদার কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। সংশ্লিষ্ট ঠিকাদারের আকস্মিক মৃত্যুর কারণে নির্মাণকাজ বাস্তবায়ন সম্ভব না হওয়ায় অবশিষ্ট কাজের (Remaining works) এর পুন:দরপত্র আহবান করা হয়। এখন কাঁচপুর ব্রিজ, নারায়ণগঞ্জ মডার্ণ ফায়ার স্টেশন এর নির্মাণ কাজ জুন' ২০২৩ এর মধ্যে বাস্তবায়ন সম্ভব হলেও শিবু মার্কেট ফতুল্লা ফায়ার স্টেশনের নির্মাণ কাজ বাস্তবায়নে ০৬(ছয়) মাস অর্থাৎ ডিসেম্বর' ২০২৩ পর্যন্ত বর্ধিতকরণের প্রয়োজন।

০৪। সভাপতি প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা গণপূর্ত বিভাগকে সময় বৃদ্ধির বিষয়ে জানতে চাইলে তত্ত্বাবধায়ক প্রকৌশলী অবহিত করেন যে, নির্মাণ কাজ বাস্তবায়নে প্রকল্পের মেয়াদ ০৬(ছয়) মাস বৃদ্ধিই যথেষ্ট। এ পর্যায়ে সুরক্ষা সেবা বিভাগের যুগ্মসচিব পরিকল্পনা জানান যে, ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০৬(ছয়) মাস বৃদ্ধির প্রস্তাব গত ১৭ জানুয়ারী ২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে। সভাপতি গণপূর্ত বিভাগের প্রতিনিধিকে নির্মাণকাজ মানসম্মতভাবে যথাসময়ে বাস্তবায়নে তাগিদ প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিভাবে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়;

- শিবু মার্কেট ফতুল্লা, নারায়ণগঞ্জ ফায়ার স্টেশনের অবশিষ্ট কাজের (Remaining works) কর্মপরিকল্পনা ফেব্রুয়ারী' ২০২৩ এর মধ্যে প্রণয়ন পূর্বক কর্মপরিকল্পনা অনুযায়ী নির্মাণকাজ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;
- রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, পাবনা এবং কালুরঘাট, চট্রগাম মডার্ণ ফায়ার স্টেশন দুটির নির্মাণকাজ মানসম্মতভাবে বাস্তবায়নে নিবিড় পর্যবেক্ষণ করতে হবে;
- ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০৬(ছয়) মাস অর্থাৎ ডিসেম্বর' ২০২৩ পর্যন্ত বর্ধিতকরণের পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে;

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৯.১৯.২৪

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৯
১৬ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ

২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৩) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৬) মহাপরিচালক, আইএমইডি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।

৭) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

৯) মহাপরিচালক (রুটিন দায়িত্ব), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

১০) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।

১১) যুগ্ম সচিব, বাজেট-২ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২) যুগ্মপ্রধান, সাধারণ অর্থনৈতিক বিভাগ, আগারগাঁও, ঢাকা।

১৩) যুগ্মপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, আগারগাঁও, ঢাকা।

১৪) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ

১৫) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ)-এর দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১৬) তত্ত্বাবধায়ক স্থপতি (চলতি দায়িত্ব), তত্ত্বাবধায়ক স্থপতির দপ্তর, সার্কেল-৫, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।

১৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

১৮) উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


১৯) উপসচিব , পরি-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২০) প্রকল্প পরিচালক (১১ মর্ডাণ প্রকল্প), ১১ মর্ডাণ প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

২১) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ

২২) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২৩) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।



মোঃ মোশাররফ হোসেন

উপসচিব